

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-৩

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.৩৮.০০৯.২৪ নথির বিষয়: মডস জোন-৩ এর আওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান সুয়ার লাইনের ২য় পর্যায় মাস্ ক্রিনিং কাজের জন্য প্রয়োজনীয় পাটের ও প্লাস্টিকের বস্তা সংগ্রহ করণ কাজের খরচের হিসাব।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-৩ এর আওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান সুয়ার লাইনের ২য় পর্যায় মাস্ ক্রিনিং কাজের জন্য প্রয়োজনীয় পাটের ও প্লাস্টিকের বস্তা সংগ্রহ করণ কাজের জন্য "অস্থায়ী অগ্রীম" অনুমোদন প্রসঙ্গে।।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৮/২/২৪ ৩:৩৯ অপরাহ্ন

ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৩, ঢাকা শহরের বিস্তীর্ণ এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের অধীনে জাতীয় সংসদ ভবন, গণভবন, এম.পি হোটেল সমূহ, পরিকল্পনা মন্ত্রণালয়, বঙ্গবন্ধু যাদুঘরসহ অসংখ্য গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান যেমন রয়েছে তেমনি বহু রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি বর্গের আবাসিক এলাকা "ধানমন্ডি" অবস্থিত। অত্র জোনের দক্ষিণে নীলক্ষেত, পূর্বে কাজী নজরুল ইসলাম এভিনিউ, উত্তরে কল্যানপুর মেইন খাল এবং পশ্চিমে বেড়িবাঁধ ও তদপরবর্তী (ঢাকা উদ্যানসহ) তুরাগ নদী পর্যন্ত। অত্র জোনের আওতাধীন এলাকা সমূহের মধ্যে অন্যতম এলাকা সমূহ হলো ধানমন্ডি, লালমাটিয়া, মোহাম্মদপুর, জিগাতলা, কলাবাগান, শেরেবাংলা নগর, মনিপুরী পাড়া, শ্যামলী, শংকর, রাজাবাজার, রায়েরবাজার ইত্যাদি। বর্তমানে ৪ টি পয়ঃ লিফট স্টেশনের মাধ্যমে জোনের পয়ঃ বর্জ্য সমূহ বিভিন্ন নেটওয়ার্কের মাধ্যমে পাগলা পয়ঃ শোধনাগারে প্রেরণ করা হয়। **এম.আই.এস রিপোর্ট (মে/২০১৫) অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১২৮কিলোমিটার পয়ঃ লাইন, ম্যানহোল ৩১০০টি ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে।** উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৮/২/২৪ ৩:৩৯ অপরাহ্ন

Force Account এর মাধ্যমে দৈনিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করে ১ম পর্যায় মাস্ ক্রিনিং কাজ সম্পাদন করার জন্য উপস্থাপিত নথি সমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইতোমধ্যে অনুমোদিত হওয়ায় মাস্ ক্রিনিং কাজ শুরু হয়েছে। পয়ঃ লাইন ও পয়ঃ ম্যানহোল হতে উত্তোলিত বর্জ্য সমূহ রাস্তায় তুলে রাখা হলে দূর্ঘটনা ছড়ায়, পরিবেশ দূষিত হয় এবং স্থানীয় এলাকাবাসী ও ঢাকা সিটি কর্পোরেশন এর কাউন্সিলরগণও দ্রুততম সময়ে উত্তোলিত স্লাজ সমূহ বস্তাবন্দি করতঃ দূরবর্তী স্থানে ফেলে দেয়ার তাগাদা দিয়ে থাকেন। ২য় পর্যায়ে মাস্ ক্রিনিং কাজ সম্পন্ন করার লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের প্রেক্ষিতে ইতোমধ্যে কাজ শুরু হয়েছে। স্লাজ সমূহ উত্তোলন করার পর যদি বস্তায় বন্দি করা না হয় তাহলে সেগুলো রাস্তায় ছড়িয়ে পড়ে এবং কিছু কিছু ক্ষেত্রে দেখা যায় ময়লা সমূহ পুনরায় ম্যানহোলের অভ্যন্তরে প্রবেশ করিয়ে দেয়া হয়; তাই স্লাজ সমূহ উত্তোলন করার সাথে সাথে বস্তা বন্দি করা আবশ্যিক। সেই লক্ষ্যে ২য় পর্যায়ে মাস্ ক্রিনিং কাজের জন্য প্রয়োজনীয় পাটের ও প্লাস্টিকের বস্তা ক্রয় করার লক্ষ্যে পূর্বানুমোদিত দর মোতাবেক একটি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং B-14.2, SL No-11 হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):

১। ২০২৩-২৪ ইং অর্থ বছরে মডস জোন-৩ এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

২। পূর্বানুমোদিত দর।

৩। প্রাক্কলণ।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৮/২/২৪ ৩:৪০ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে মডস জোন-৩ এর আওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান স্যুয়ার লাইনের ২য় পর্যায় মাস ক্লিনিং কাজের জন্য প্রয়োজনীয় পাটের ও প্লাস্টিকের বস্তা সংগ্রহ করণ কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার প্রাক্কলণটি অনুমোদন।

খ) পিপিআর-২০০৮ এর বিধি - ৮১ (১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন; যা কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং B-14.2, SL No-11 খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লিখিত প্রস্তাব সমূহ প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য সনিয়ে পেশ করা হলো।

৮/২/২৪ ৪:৫৮ অপরাহ্ন
তৌফিক আহমাদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

৮/২/২৪ ৫:০১ অপরাহ্ন
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

১১/২/২৪ ১:১০ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

১১/২/২৪ ১:১০ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-৩

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১২/২/২৪ ৭:১৬ পূর্বাহ্ন

অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

১২/২/২৪ ৭:১৬ পূর্বাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

১২/২/২৪ ৭:১৬ পূর্বাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ১৩/২/২৪ ৩:২৯ অপরাহ্ন

Please speak

১৩/২/২৪ ৩:২৯ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

১৪/২/২৪ ৬:৪৪ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

১৪/২/২৪ ৬:৪৪ অপরাহ্ন
জয়ন্ত সাহা

নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২০/২/২৪ ৫:৩৪ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর আলোকে প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা হয়েছে। আলোচনার প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১২৮কিলোমিটার পয়ঃ লাইন, ৩১০০টি ম্যানহোল ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক বাৎসরিক ভিত্তিতে মাস ক্রিনিং কাজ করা হয়। মডস জোন-৩ এ বিদ্যমান পয়ঃ লাইন প্রতি ধাপে ৮টি গ্রুপে বিভক্ত করে সর্বমোট ৩ ধাপে ২৪টি গ্রুপের মাধ্যমে মাস ক্রিনিং কাজ করা হয়। ইতোমধ্যে ১ম ধাপের ৮ টি গ্রুপের মাস ক্রিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণের কাজ সম্পন্ন হয়েছে এবং ২য় ধাপের ৮ টি গ্রুপের মাস ক্রিনিং ও উত্তোলিত স্লাজ অপসারণের কাজ শুরু করা আবশ্যিক। ২য় পর্যায়ে মাস ক্রিনিং কাজ সম্পন্ন করার লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের প্রেক্ষিতে ইতোমধ্যে কাজ শুরু করণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্লাজ সমূহ উত্তোলন করার পর যদি বস্তায় বন্দি করা না হয় তাহলে সেগুলো রাস্তায় ছড়িয়ে পড়ে এবং কিছু কিছু ক্ষেত্রে দেখা যায় ময়লা সমূহ পূনরায় ম্যানহোলের অভ্যন্তরে প্রবেশ করিয়ে দেয়া হয়; তাই স্লাজ সমূহ উত্তোলন করার সাথে সাথে বস্তা বন্দি করা আবশ্যিক। ২য় পর্যায়ে মাস ক্রিনিং কাজের জন্য প্রয়োজনীয় পাটের ও প্লাস্টিকের বস্তা ক্রয় করার লক্ষ্যে পূর্বনুমোদিত দর মোতাবেক একটি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২০২৪ ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং B-14.2, SL No-11 হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ২০/২/২৪ ৫:৩৫ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে মডস জোন-৩ এর আওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান স্যুয়ার লাইনের ২য় পর্যায় মাস ক্রিনিং কাজের জন্য প্রয়োজনীয় পাটের ও প্লাস্টিকের বস্তা সংগ্রহ করণ কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ৮. ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার প্রাক্কলনটি অনুমোদন;

খ) পিপিআর-২০০৮ এর বিধি - ৮১ (১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন; যা কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং B-14.2, SL No-11 খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লিখিত প্রস্তাব সমূহ প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য সবিনয়ে পেশ করা হলো।



২০/২/২৪ ৫:৩৬ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



২২/২/২৪ ৯:৩৫ পূর্বাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

২২/২/২৪ ৯:৩৫ পূর্বাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ২২/২/২৪ ৬:০০ অপরাহ্ন

Okay



২২/২/২৪ ৬:০১ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২৪/২/২৪ ৮:৫০ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১



২৪/২/২৪ ১১:০০ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

২৪/২/২৪ ১১:০০ অপরাহ্ন
তৌফিক আহমদ চৌধুরী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা